গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারী।
(স্থানীয় সরকার শাখা)
www.nilphamari.gov.bd

স্মারক নম্বর-০৫.৪৭.৭৩০০.০১১.০৫.০৯৮.১৭ - ৬৯, তারিখ : ২৪ জানুয়ারি ২০১৭ খ্রি.।

নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগের ইউপি-২ অধিশাখার ২৮/১১/২০১৬ তারিখের ৪৬.০১৮.০২২.০০.০০.০১০.২০১১(অংশ-২)-৭০৪ নং স্মারকে জারীকৃত ছাড়পত্রের নির্দেশনা অনুযায়ী নীলফামারী জেলার বিভিন্ন ইউনিয়ন পরিষদে হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর এর শূন্য পদ পূরণ এবং পরবর্তী ০১ বছরের মধ্যে কোন পদশূন্য হলে তা পূরণে প্যানেল তৈরীর লক্ষ্যে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নীলফামারী জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নলিখিত শর্তাদি সাপেক্ষে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রণীত চাকরির আবেদন ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্র:নং	পদের নাম	শূন্য পদের সংখ্যা	বেতন স্কেল	শিক্ষাগত যোগ্যতা
১	২	৩	৪	৫
০১	হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর	২৩ টি	গ্রেড-১৬ স্কেল- ৯৩০০/- - ২২৪৯০/- টাকা তৎসহ বিধি মোতাবেক অন্যান্য ভাতাদি (বেতন ভাতার ৭৫% সরকার কর্তৃক এবং ২৫% ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদেয়)	ক) কোন স্বীকৃত বোর্ড হতে বাণিজ্য বিভাগে অন্যূন দ্বিতীয় বিভাগ অথবা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত এবং গ) কম্পিউটার টাইপিং এ প্রতি মিনিটে সর্বনিম্ন গতি বাংলা ২০(বিশ) শব্দ ও ইংরেজি ২০(বিশ) শব্দ।

শর্তাবলী :

০১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও নীলফামারী জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২। নির্ধারিত আবেদন ফরমটি নীলফামারী জেলার ওয়েব সাইটে (www.nilphamari.gov.bd) এবং জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারী ও জেলার সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

০৩। নির্ধারিত আবেদনপত্র জেলা প্রশাসক ও সভাপতি, বাছাই কমিটি, নীলফামারী বরাবরে লিখতে হবে।

০৪। নির্ধারিত আবেদন ফরমের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে।

০৫। নির্ধারিত আবেদন ফরমটি কম্পিউটার কম্পোজ বা স্বহস্তে পূরণ করে আবেদন ফরমের নির্ধারিত স্থানে তারিখসহ প্রার্থীকে স্বাক্ষর প্রদান করতে হবে।

০৬। বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর ঠিকানা উল্লেখ করতে হবে।

০৭। আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবে;

(ক) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩(তিন)কপি ছবি আবেদন পত্রের নির্ধারিত স্থানে সংযুক্ত করতে হবে।

(খ) যে কোন তফসিলী ব্যাংক হতে জেলা প্রশাসক, নীলফামারীর অনুকূলে ৪০০/-(চারশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) সংযুক্ত করতে হবে।

(গ) নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র ইস্যুর স্বার্থে আবেদন পত্রের সাথে নিজের নাম ও ঠিকানা লিখিত ৬/-(ছয়) টাকার ডাক টিকিট লাগানো একটি ১০.৫ × ৪.৫ সাইজের খাম সংযুক্ত করতে হবে।

(ঘ) লিখিত পরীক্ষার প্রবেশ পত্রের নমুনার কপি নীলফামারী জেলার ওয়েব সাইট (www.nilphamari.gov.bd) হতে ডাউনলোড করে ছবি সংযুক্তির স্থানে এক কপি পাসপোর্ট সাইজ ছবি সংযুক্ত করে প্রার্থীর নাম ও ঠিকানার কলাম পূরণ করে ০২(দুই) কপি প্রবেশপত্র আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।

০৮। লিখিত পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজ পত্রাদির মূল কপি উপস্থাপন করতে হবে;

(ক) পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত ০১(এক) কপি নাগরিকত্ব সনদ।

(খ) শিক্ষাগত যোগ্যতার প্রমাণ স্বরূপ সকল মূল/সাময়িক সনদ।

(গ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ।

(ঘ) জাতীয় পরিচয়পত্র অথবা পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত জন্মনিবন্ধন সনদ।

(ঙ) সরকার কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠান হতে প্রদত্ত কম্পিউটার প্রশিক্ষণ সনদ।

(চ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/নাতী/নাতনী হিসেবে চাকরি প্রার্থীকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক স্বাক্ষরিত ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের উপদেষ্টা মাননীয় প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত মূল সনদ অথবা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব স্বাক্ষরিত এবং মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত সাময়িক সনদ মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে। এরূপ সনদ ব্যতীত অন্য কোন সনদ মুক্তিযোদ্ধা সনদ হিসেবে গ্রহণযোগ্য হবে না। উল্লেখ্য যে, আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার নাতী/নাতনী হইলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার নাতী/নাতনী এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক সনদ/প্রত্যয়ন পত্র দেখাতে হবে।

(ছ) প্রতিবন্ধীদের ক্ষেত্রে উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, নীলফামারী এর নিকট থেকে তালিকাভুক্তির সনদপত্রের কপি, এতিমখানার নিবাসীদের ক্ষেত্রে এতিমখানার তত্বাবধায়কের নিকট থেকে প্রত্যয়ন পত্রের কপি, আনসার ও ভিডিপি'র ক্ষেত্রে জেলা কমান্ড্যান্ট কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি এবং উপজাতি/তফসিলী সম্প্রদায়ভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ পত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

০৯। প্রার্থীর বয়সসীমা আগামী ২৩/০২/২০১৭ খ্রি: তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা/নাতী/নাতনী এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ (বত্রিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

১০। আগামী ২৩/০২/২০১৭ খ্রি: তারিখ বিকাল ৫.০০ টার মধ্যে আবেদনপত্র ডাকযোগে এ অফিসে পৌঁছাতে হবে। হাতে হাতে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

১১। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ভুল তথ্য সম্বলিত ও বিলম্বে প্রাপ্ত দরখাস্তসমূহ বাতিল বলে গণ্য হবে।

১২। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা হতে হবে এবং কর্মকর্তার সুস্পষ্ট নাম ও পদবীসহ সীল থাকতে হবে।

১৩। চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র পৌঁছাতে হবে। আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না। চাকরিরত প্রার্থীদের বয়সসীমা আগামী ২৩/০২/২০১৭ খ্রি: তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা/নাতী/নাতনী এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ (বত্রিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য।

১৪। কোটা সম্পর্কিত প্রচলিত সরকারী নীতিমালা অনুসরণ করা হবে।

১৫। আবেদনপত্র গ্রহণ ও বাতিল করার ক্ষেত্রে কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৬। খামের উপরে মোটা অক্ষরে পদের নাম, বিশেষ কোটা (যদি থাকে) ও বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা উল্লেখ করতে হবে।

১৭। নির্বাচনী পরীক্ষায় (লিখিত, ব্যবহারিক ও মৌখিক) অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টি,এ/ডি,এ দেয়া হবে না।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বিজ্ঞপ্তির কার্যক্রম স্থগিত, সময় পরিবর্তন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৯। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে কর্তৃপক্ষ দায়ী হবেন না। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

২৪/০১/১৭

(মোঃ জাকীর হোসেন)
জেলা প্রশাসক
নীলফামারী
ফোন ০৫৫১-৬১৩২৯
dcnilphamari@mopa.gov.bd

স্মারক নম্বর-০৫.৪৭.৭৩০০.০১১.০৫.০৯৮.১৭ – ৬১(২০০), ২৪/০১/১৭ তারিখ : ২৪ জানুয়ারি ২০১৭ খ্রি.।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো:

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।

০৩। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।

০৪। জেলা প্রশাসক ....(সকল)।

০৫। পুলিশ সুপার, নীলফামারী।

অনুলিপি অবগতি ও বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো:

০৬। মেয়র, নীলফামারী/সৈয়দপুর/জলঢাকা/ডোমার, পৌরসভা, নীলফামারী।

০৭। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, নীলফামারী।

০৮। উপজেলা নির্বাহী অফিসার, নীলফামারী সদর/ডোমার/ডিমলা/জলঢাকা/কিশোরগঞ্জ/সৈয়দপুর, নীলফামারী। তাঁর অফিসের নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৯। সহকারী কমিশনার (ভূমি), নীলফামারী সদর/ডোমার/ডিমলা/জলঢাকা/কিশোরগঞ্জ/সৈয়দপুর, নীলফামারী। তাঁর অফিসের নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১০। সহকারী কমিশনার, আইসিটি শাখা, নীলফামারী। তাঁকে বিজ্ঞপ্তি এবং আবেদন ফরম ও প্রবেশপত্রটি জেলার ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১১। সম্পাদক, দৈনিক জনকন্ঠ, ঢাকা/দৈনিক নীলফামারী বার্তা, নীলফামারী। তাঁকে বিজ্ঞপ্তিটি আগামী ২৭/০১/২০১৭ তারিখের মধ্যে ০১(এক) দিনের জন্য তার পত্রিকায় ভিতরের পাতায় স্বাভাবিক ছোট অক্ষরে সিঙ্গেল স্পেসে ০৩(তিন) কলামে প্রকাশ করে পত্রিকার ০৫(পাঁচ) কপি জেলা প্রশাসক, নীলফামারী বরাবরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

১২। নোটিশ বোর্ড, জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারী।

১৩। অফিস নথি।

জেলা প্রশাসক
নীলফামারী
২৪/০১/১৭

চাকুরীর আবেদন ফরম

সে.মি. ৫×৫ ছবি (সাম্প্রতিক তোলা ২ কপি)

বরাবর

....

....

....

১.	পদের নাম:										
২.	বিজ্ঞপ্তি নম্বর:		তারিখ:	দি	ন	মা	স	ব	ৎ	স	র

৩.	প্রার্থীর নাম:	বাংলায়:
		ইংরেজিতে (বড় অক্ষরে):

৪.	জাতীয় পরিচয়পত্র নম্বর:	(যে কোন একটি)
	জন্ম নিবন্ধন নম্বর:	
৫.	জন্ম তারিখ:	৬। জন্মস্থান: জেলা :

৭.	বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স:	বছর	মাস	দিন
৮.	মাতার নাম :			
৯.	পিতার নাম :			

১০.	ঠিকানা:	বর্তমান	স্থায়ী
	বাসা ও সড়ক (নাম/ নম্বর):		
	গ্রাম/পাড়া/মহল্লা:		
	ইউনিয়/ওয়ার্ড:		
	ডাকঘর:		
	পোষ্ট কোড নম্বর:		
	উপজেলা:		
	জেলা:		

১১.	যোগাযোগ	মোবাইল/টেলিফোন নম্বর	ই-মেইল (যদি থাকে)

১২.	জাতীয়তা:	১৩.	জেন্ডার:
১৪.	ধর্ম:	১৫.	পেশা:

১৬.	শিক্ষাগত যোগ্যতা:					
	পরীক্ষার নাম	বিষয়	শিক্ষা প্রতিষ্ঠান	পাশের সন	বোর্ড/বিশ্ববিদ্যালয়	গ্রেড/শ্রেণি/বিভাগ

১৭.	অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে) :
১৮.	অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে):

১৯.	কোটা (টিক দিন)	মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র কন্যা/পুত্র কন্যার পুত্র কন্যা	এতিম/শারিরীক প্রতিবন্ধী	
		ক্ষুদ্র নৃ-গোষ্ঠী	আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য	অন্যান্য (উল্লেখ করুন)

২০.	চালান/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর:		তারিখ:	দি	ন	মা	স	ব	ৎ	স	র
	ব্যাংকের শাখান নাম:										

২১.	বিভাগীয় প্রার্থী কি না (টিক দিন)	হাঁ	না	প্রযোজ্য নয়

আমি এই মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকবো।

তারিখ:	দি	ন	মা	স	ব	ৎ	স	র

প্রার্থীর স্বাক্ষর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়,নীলফামারী।
(স্থানীয় সরকার শাখা)
www.nilphamari.gov.bd

“ প্রবেশ পত্র ”

১ কপি পাসপোর্ট সাইজ ছবি সংযুক্ত করুন

প্রাপক :

প্রার্থীর নাম ....

পিতার নাম ....

ঠিকানা- গ্রাম ....ইউনিয়ন/পৌরসভা ....

ডাকঘর .... উপজেলা.............................জেলা......................।

নীলফামারী জেলার বিভিন্ন ইউনিয়ন পরিষদে হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর পদে নিয়োগের লিখিত পরীক্ষা নিম্নবর্ণিত তারিখ, সময় ও স্থানে অনুষ্ঠিত হবে। উক্ত পরীক্ষায় যথাসময়ে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

উপপরিচালক
স্থানীয় সরকার ,নীলফামারী
ও
সচিব
ইউনিয়ন পরিষদে হিসাব সহকারী-কাম-কম্পিউটার
অপারেটর নিয়োগ বাছাই কমিটি